গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ৩০/০১/২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ১৯ তম সভার কার্যবিবরণী :

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ এরশাদ উর-রশীদ<br>পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) এবং ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। |
| স্থান | : | পরিচালকের অফিস কক্ষ । |
| তারিখ ও সময় | : | ৩০ জানুয়ারি ২০১৬ ; সকাল ১১.০০ ঘটিকায় । |

উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত ।

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । সভাপতির অনুরোধক্রমে উপ-পরিচালক ও সদস্য সচিব জনাব মোঃ আব্দুর রেজ্জাক বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন । কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। কমিটির সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, বিগত সভায় ১০ টি সুপারিশ গৃহীত হয়েছিল। গৃহীত সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যারা মেন্টর হিসাবে ইনোভেটরদের সাথে কাজ করছেন তাদের কাজ সুস্পষ্ট ও সুনির্দিষ্ট নয়, মেন্টরগণকে সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে গৃহীত উদ্যোগ বাস্তবায়নে মেন্টরশিপ প্রদান করতে অনুরোধ জানানো হয়; যাতে গুনগতমান সম্পন্ন উদ্যোগ বাস্তবায়িত হয় । সভাপতি প্রত্যেক মেন্টরকে তার মেন্টিদের উদ্যোগ শুরু এবং শেষ এর তারিখ নির্ধারণ; উদ্যোগের বিভিন্ন ধাপসমূহ নির্ধারণ ও উদ্যোগ বাস্তবায়নের অগ্রগতির পর্যালোচনা এবং উদ্যোগ সমাপ্তির পর ডকুমেন্ট প্রস্তুত করার বিষয়ে গুরুত্বারোপ করেন । বছরের শুরুতে প্রত্যেক মেন্টর এর জন্য মেন্টি (উদ্ভাবক) নির্ধারণ করত মাসিক অগ্রগতি সভাকে অবহিত করার বিষয়ে আলোচনা হয় । কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রের কর্মকর্তাদের প্রশিক্ষণ সিডিউলে মেন্টরশীপ বিষয়ে ন্যুন পক্ষে ১টি ক্লাশ অন্তর্ভূক্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়। বেকারমুক্ত গ্রাম সৃজন আইডিয়াটি যদিও সার্ভিস ইনোভেশন নয় তথাপিও উদ্যোগটি দারিদ্র বিমোচনের একটি চমৎকার হাতিয়ার হতে পারে বিধায় উদ্যোগটি রেপ্লিকেট করার লক্ষ্যে পরিকল্পনা শাখাকে একটি নতুন প্রকল্প প্রনয়নের বিষয়ে অনুরোধ জানানোর বিষয়ে আলোচনা হয় । সভায় যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সকল কার্যক্রমের তথ্যচিত্র ও অগ্রগতি সোসাল মিডিয়ায় নিয়মিত প্রচারের উপর গুরত্বারোপ করা হয়। সহকারী পরিচারক (আইসিটি) জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সভাকে জানান যে, মাঠ পর্যায়ের সকল অফিসে Facebook page খোলা ও ব্যবহারের নির্দেশনা দিয়ে পত্র দেয়া হয়েছে , ফলে মাঠ পর্যায়ের অফিসগুলোতে Facebook page খোলা হয়েছে । যুব উন্নয়ন অধিদপ্তরের blog কে active করার উদ্যোগের বিষয়েও আলোচনা হয় ।

২। সভায় জানানো হয় যে, ইনোভেশন টিমের ২০১৬ সালের বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী ইনেভেটরদের সম্মাননা প্রদানের বিষয়টি এখনও বাস্তবায়িত হয়নি। ইনোভেটরদের সম্মাননা/প্রনোদনা প্রদানের নীতি প্রণয়নের জন্য গঠিত কমিটিকে দ্রুত কাজ শেষ করে প্রতিবেদন প্রদানের জন্য পুনরায় পত্র দিয়ে তাগিদ দেয়ার সুপারিশ গৃহীত হয় । ইনোভেশন টিমের ২০১৭ সালের বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকল সদস্যকে একযোগে কাজ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

৩। মন্ত্রণালয়ের চাহিদানুযায়ী ইতোমধ্যে ১৪টি আইডিয়া (১) প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের ক্লাশ রুমে Smart Board স্থাপন (২) যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ইনোভেটিভ আইডিয়াসহ অন্য সকল পরামর্শ গ্রহণের লক্ষ্যে একটি "পরামর্শ বক্স" স্থাপন (৩) ঋণ কার্যক্রমের সিস্টেম জেনারেটেড রিপোর্ট প্রণয়ন ও অন লাইনে প্রেরণ (৪) মোবাইল ব্যাংকের মাধ্যমে যুব ঋণের কিস্তি আদায় (৫) প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক কোর্সের শিরোনামে কোড নম্বর ব্যবহার (৬) ট্রেনিং অন বোট (হাওড়/চর এলাকায় অনগ্রসর দরিদ্র যুবদের জন্য) (৭) সমাজ বিরোধী কর্মকান্ডে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষ্যে যুব সংগঠন ও অধিদপ্তরের সেবা গ্রহনকারীদের পরামর্শ ও মতবিনিময়ের জন্য "যুব আড্ডা" নামে একটি ওয়েব পেজ চালু করা (৮) SDGs বাস্তবায়নে যুব সংগঠনের সদস্য ও সংগঠকদের সম্পৃক্তকরণঃ র‌্যালি (রোড শো) আয়োজন (৯) যুববান্ধব পরিকল্পনা প্রণয়ন ডেমোগ্রাফিক ডিভিডেন্ট কাজে লাগিয়ে টেকসই উন্নয়ন (১০) সঠিক ও নির্ভুল তথ্যপ্রবাহ যুগোপযোগী পরিকল্পনা প্রণয়নের মূলভিত্তি (১১) PRL এ গমনের পূর্ব প্রস্তুতি সম্পর্কে কর্মকর্তা/কর্মচারীদের অবহিতকরণ (১২) মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের নৈমিত্তিক ছুটি online এ আবেদন এবং ছুটি হিসাব রেজিষ্টারে সংরক্ষণ (১৩) যুব ভবনের মূল ফটকে বিভিন্ন স্লোগান সম্বলিত ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন এবং (১৪) প্রধান কার্যালয়সহ মাঠ কার্যালয়সমূহে একাউন্টিং সফটওয়্যার ও HRMS (হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট সিস্টেম) সফটওয়্যার তৈরি বিষয়ক প্রস্তাবনা মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে।

৪। প্রেরিত ১৪টি আইডিয়াগুলুর মধ্যে ৫টি আইডিয়ার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

| নং | ইনোভেশন আইডিয়াগুলির নাম | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১ | প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সের ক্লাশ রুমে Smart Board স্থাপন । | ইতোমধ্যে ২টি প্রশিক্ষণ কেন্দ্রের English Language ল্যাবে Smart Board স্থাপন করা হয়েছে । |
| ২ | যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে ইনোভেটিভ আইডিয়াসহ অন্য সকল পরামর্শ গ্রহণের লক্ষ্যে একটি "পরামর্শ বক্স" স্থাপন। | উদ্যোগটি বাস্তবায়নের লক্ষ্যে অধিদপ্তরের প্রবেশপথে একটি "পরামর্শ বক্স" স্থাপন করা হয়েছে। |
| ৩ | ঋণ কার্যক্রমের সিস্টেম জেনারেটেড রিপোর্ট প্রণয়ন ও অন লাইনে প্রেরণ। | ঋণ কার্যক্রমের সিস্টেম জেনারেটেড স্বয়ংক্রিয় রিপোর্ট প্রক্রিয়াকরণ বিষয়ক সফটওয়্যার প্রস্তুত ও ৬ টি জেলায় (গোপালগঞ্জ, মাগুরা, নারায়নগঞ্জ, নরসিংদি, রাজশাহী ও চট্রগ্রাম) পাইলট করা হচ্ছে । |
| ৪ | মোবাইল ব্যাংকের মাধ্যমে যুব ঋণের কিস্তি আদায় । | ডাচ বাংলা মোবাইল ব্যাংকের মাধ্যমে যুব ঋণের কিস্তি আদায় কার্যক্রম ফেনী, জয়পুরহাট ও সাতক্ষীরা জেলার সকল জেলায় একযোগে পরিচালিত হচ্ছে । |

| | | |
|---|---|---|
| ৫ | PRL এ গমনের পূর্ব প্রস্তুতি সম্পর্কে কর্মকর্তা/কর্মচারীদের অবহিতকরণ। | PRL এ গমনের পূর্ব প্রস্তুতি সম্পর্কে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে ৩ মাস পূর্বে মহাপরিচালক স্বাক্ষরিত পত্রে অবহিত করা হচ্ছে। |

৫। এসআইএফ হতে প্রাপ্ত অর্থ ব্যবহার করে অন লাইনে প্রশিক্ষণ আবেদন প্রক্রিয়ার লক্ষ্যে মানিকগঞ্জ এবং কুমিল্লা জেলায় জানুয়ারি ২০১৭ থেকে বেজ লাইন সার্ভে এর কাজ শুরু হয়েছে বলে সভাকে জানানো হয়।

বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সুপারিশ সমূহ গৃহীত হয়।

**সুপারিশ :**

০১। ইনোভেশন টিমের প্রত্যেক সদস্য কর্তৃক মেন্টর হিসেবে পালনীয় দায়িত্ব (সংযুক্ত তালিকা মাফিক) আলোচনা ও পরামর্শ মাফিক যথাযথভাবে পালন অব্যাহত রাখা এবং প্রতি সভায় নুন্যপক্ষে ১টি আইডিয়া বাস্তবায়ন (পর্যায়ক্রমে সকল আইডিয়া) অগ্রগতি লিখিতভাবে অবহিত করা ;

| নং | নাম ও পদবী | দায়িত্ব প্রাপ্ত কার্যালয়ের নাম |
|---|---|---|
| ১. | জনাব মোঃ এরশাদ-উর-রশীদ, পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) | উপ-পরিচালক, জামালপুর; ফরিদপুর সদর, দৌলতপুর-কুষ্টিয়া |
| ২. | জনাব মাসুদা আকন্দ, উপপরিচালক(প্রশিক্ষণ) | মাদারগঞ্জ-জামালপুর, গৌরীপুর-ময়মনসিংহ, পাংশা-রাজবাড়ী। |
| ৩. | জনাব মোঃ আব্দুর রেজ্জাক, উপপরিচালক(প্রোগ্রামার) | উপ-পরিচালক, শেরপুর; কালিয়াকৈর-গাজীপুর, মুন্সিগঞ্জ সদর। |
| ৪. | জনাব এ,কে,এম মফিজুল ইসলাম, উপ-পরিচালক(অর্থ ও অডিট) | গজারিয়া-মুন্সিগঞ্জ; ভেড়ামারা-কুষ্টিয়া। |
| ৫. | জনাব সৈয়দ আব্দুল কাইয়ুম, উপপরিচালক(চঃদাঃ)(পরিকল্পনা) | খালিয়াজুরি-নেত্রকোনা, গোপালপুর-টাঙ্গাইল। |
| ৬. | জনাব মোঃ ফরহাত নূর, উপপরিচালক(চঃদাঃ)(দাঃবিঃওঋণ) | সদর শেরপুর, আমতলী-বরগুনা। |
| ৭. | জনাব মোঃ আতিকুর রহমান, উপ-পরিচালক(চঃদাঃ)(বাস্তবায়ন) | সোনারগাঁও-নারায়নগঞ্জ; ঘিওর-মানিকগঞ্জ। |
| ৮. | জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন,উপ-পরিচালক(চঃদাঃ)(পরিকল্পনা) | লালপুর-নাটোর ; মেহেদিগঞ্জ-বরিশাল। |
| ৯. | জনাব মোঃ শাহীনুর রহমান, সহাকারী পরিচালক(দাঃবিঃওঋণ) | কালাই-জয়পুরহাট, কালকিনি-মাদারীপুর। |
| ১০. | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ, সহকারী পরিচালক(আইসিটি) | ভাংগা-ফরিদপুর, নাজিরপুর-পিরোজপুর। |
| ১১. | জনাব মোঃ ফজলুল হক, সহকারী পরিচালক (হিসাবরক্ষণ কর্মকর্তা) | নগরকান্দা-ফরিদপুর, করিমগঞ্জ-কিশোরগঞ্জ। |
| ১২. | জনাব মোঃ আতাউর রহমান, সহকারী পরিচালক (শৃংখলা) | টাংগাইল সদর, মদন-নেত্রকোনা। |
| ১৩. | জনাব খন্দকার রওনাকুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশিক্ষণ) | পত্নীতলা-নওগাঁ, কলমাকান্দা-নেত্রকোনা। |

০২। প্রাপ্ত এস আই এফ ফান্ডের যথাযথ ব্যবহার নিশ্চিত করে নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যাবলী সমাপ্ত করা ;

০৩। বেকারমুক্ত গ্রাম সৃজন আইডিয়া রেপ্লিকেট করার লক্ষ্যে একটি প্রকল্প প্রণয়নের অনুরোধ জানিয়ে পরিকল্পনা শাখায় পত্র প্রদান ;

০৪। সোসাল মিডিয়ায় প্রচার কার্যক্রম প্রতিমাসের সভায় সুস্পষ্টভাবে উপস্থাপন;

০৫। ফরমস বাতায়নে প্রদেয় ফরম কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নির্ধারণ ও তথায় প্রেরণ ;

০৬। আসন্ন ইনোভেশন সার্কেলে উদ্ভাবনী উদ্যোগ প্রদর্শনের জন্য অধিদপ্তরের কর্মকর্তাগণকে প্রস্তুতি গ্রহণ এবং প্রয়োজন বশতঃ পূর্বের উদ্যোগ পরিবর্তন করে নতুন উদ্যোগ গ্রহণ ও দ্রুত কাজ এগিয়ে নেয়া ;

০৭। Facebook page খোলা ও ব্যবহারের অগ্রগতি আগামী সভায় উপস্থাপন ;

০৮। যুব উন্নয়ন অধিদপ্তরের blogকে active রাখার ব্যবস্থা করা ;

০৯। কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্রে আয়োজিত সকল কোর্সে ইনোভেশন বিষয়ে ন্যূনপক্ষে ১টি ক্লাশ সংযোজন অনুরোধ জানিয়ে পত্র প্রদান।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

22.02.১৭

(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ) ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩
e-mail: ershad.dyd@gmail.com

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৮.৩১.০১৭.১৫- ৯৮ তারিখঃ২২/০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। অতিরিক্ত সচিব (প্রশাসন) ও চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জনাব------------------------------------------------ সদস্য, ইনোভেশন টিম, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৩। জনাব-------------------------- উপপরিচালক/সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৫। সংশ্লিষ্ট নথি।

22/02/2017
(মোঃ আব্দুর রেজ্জাক)
উপপরিচালক(প্রোগ্রামার) ও
সদস্য সচিব , ইনোভেশন টিম
ফোনঃ ৯৫১৪৯৭৭
e-mail: razzaque1966@gmail.com

পরিশিষ্ট "ক"

৩০/০১/২০১৭ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তালিকাঃ

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১ | জনাব মোঃ আব্দুর রেজ্জাক<br>উপপরিচালক(প্রোগ্রামার) | স্বাক্ষরিত |
| ২ | জনাব ফরহাত নূর<br>উপপরিচালক(বাস্তবায়ন)(চঃদাঃ) | স্বাক্ষরিত |
| ৩ | জনাব মোয়াজ্জেম হোসেন<br>উপপরিচালক(পরিকল্পনা)(চঃদাঃ) | স্বাক্ষরিত |
| ৪ | জনাব মোঃ আতিকুর রহমান<br>উপপরিচালক(বাস্তবায়ন)(চঃদাঃ) | স্বাক্ষরিত |
| ৫ | জনাব ফজলুল হক<br>সহকারী পরিচালক(হিসাব রক্ষণ কর্মকর্তা) | স্বাক্ষরিত |
| ৬ | জনাব আতাউর রহমান<br>সহকারী পরিচালক শৃংখলা | স্বাক্ষরিত |
| ৭ | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ<br>সহকারী পরিচালক(আইসিটি) | স্বাক্ষরিত |
| ৮ | জনাব শাহীনূর রহমান<br>সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) | স্বাক্ষরিত |